



ফের আইনি নোটিশ পেলেন এমপি আমির হামজা



কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজা। ছবি: সংগৃহীত

কুষ্টিয়া-৩ আসনের সংসদ সদস্য মুফতি আমির হামজার বিরুদ্ধে আবারও আইনি নোটিশ পাঠানো হয়েছে। তাকে একজন বীর মুক্তিযোদ্ধাকে নিয়ে আপত্তিকর মন্তব্য ও অপপ্রচারের অভিযোগে এ নোটিশ দেওয়া হয়।

বৃহস্পতিবার (২৩ এপ্রিল) জাতীয় ছাত্রশক্তি কুষ্টিয়া জেলা শাখার সদস্যসচিব মো. আই-ইয়াশ ইমনের পক্ষে জজ কোর্টের আইনজীবী নুরুল ইসলাম নোটিশটি পাঠান। এতে ১০ দিনের মধ্যে সন্তোষজনক ব্যাখ্যা দিতে বলা হয়েছে, অন্যথায় আইনি ব্যবস্থা নেওয়ার কথা জানানো হয়।

নোটিশে বলা হয়, কিশোরগঞ্জ-৪ আসনের সংসদ সদস্য ও বীর মুক্তিযোদ্ধা ফজলুর রহমানকে নিয়ে আমির হামজা বিভিন্ন সময় জনসম্মুখে ও সামাজিক মাধ্যমে অবমাননাকর মন্তব্য করেছেন। অভিযোগ অনুযায়ী, তাকে ‘ফজু পাগলা’ বলে উল্লেখ করা, মানসিক হাসপাতালে পাঠানোর কথা বলা এবং কুকুর মারার ইনজেকশন সংক্রান্ত মন্তব্যও করা হয়েছে, যা একজন মুক্তিযোদ্ধার মর্যাদার পরিপন্থী বলে দাবি করা হয়। এসব ঘটনার কারণে ফজলুর রহমান সামাজিক, মানসিক ও আর্থিকভাবে ক্ষতিগ্রস্ত হয়েছেন বলেও নোটিশে উল্লেখ রয়েছে।

এ বিষয়ে আই-ইয়াশ ইমন বলেন, ফজলুর রহমান একজন বীর মুক্তিযোদ্ধা এবং তার প্রতি ব্যক্তিগত সম্মান থেকেই এই পদক্ষেপ নেওয়া হয়েছে। এমন মন্তব্য কোনোভাবেই গ্রহণযোগ্য নয়, তাই আইনি নোটিশ পাঠানো হয়েছে।

অভিযোগের বিষয়ে জানতে মুফতি আমির হামজার সঙ্গে যোগাযোগের চেষ্টা করা হলেও তিনি ফোন রিসিভ করেননি।